সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
**পণ্ডিত-প্রেস**
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান


Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১১ই জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭৩ ইং 25th May 1966 {২য় সংখ্যা।




সকল ঘরের তরে...
**দীপ্তি লণ্ঠন**
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার
প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
**সুলভ ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ চাউলপটী।

**স্টুডেন্টস ফেভারিট**
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ



জঙ্গিপুর সংবাদ

১১ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭৩ সাল।

# কিংকর্ত্তব্যবিমূঢ়

—o—

স্বাধীনতা প্রাপ্তির পর ১৮ বৎসর অতিক্রান্ত। ইতিমধ্যে তিনটি পঞ্চবার্ষিক পরিকল্পনা সমাপ্ত হইয়া চতুর্থ পরিকল্পনা সুরু হইয়াছে। কিন্তু অন্ন বস্ত্র-শিক্ষা-চিকিৎসা-বাসস্থান জীবন ধারণের এই পাঁচটি মূল সমস্যার সমাধান দূরের কথা সমস্যা ক্রমেই গভীরতর হইতেছে। বস্তুতঃ পশ্চিমবঙ্গে অপ-শাসনের এক নগ্ন দৃষ্টান্ত স্থাপিত হইয়াছে। চতুর্দ্দিকে নিয়ন্ত্রণ বা কন্ট্রোলের সমারোহ—ফলে সমাজ-জীবনে দুর্নীতির বাসা ক্রমেই গগনস্পর্শী হইয়া উঠিতেছে।

জেলায় জেলায় কর্ডন-প্রথা সমাজ-জীবনে যে বিকৃতি সৃষ্টি করিয়াছে—তাহার তুলনা বিরল। অল্প বয়সী ছেলে-মেয়ে হইতে সুরু করিয়া বিভিন্ন বয়সের নারী পুরুষ চাল পাচারকে বর্তমানে জীবনের মহৎ ব্রতরূপে গ্রহণ করিয়াছে। অন্যায়ের সঙ্গে আপোষ না করিলে নাগরিকদের পক্ষে জীবনধারণ আজ সম্পূর্ণ অসম্ভব।

জাতীয় কংগ্রেসের প্রতি একদা দেশবাসীর মনে আশা ও ভরসার অন্ত ছিল না—কিন্তু তাহাদের অন্তরের বিশ্বাসকে চূর্ণ করিয়া দেওয়ার জন্যই যেন এক শ্রেণীর নেতা আজ কোমর বাঁধিয়াছেন। সাধারণ মানুষ নৈরাশ্যের অতল তলে ডুবিয়া যাইতেছে—আর তাহারই প্রতিক্রিয়া স্বরূপ সমাজ-জীবনের নানা স্তরে বিশৃঙ্খলা দেখা দিতেছে। নিয়ন্ত্রণের নাগপাশে জর্জ্জরিত সাধারণ মানুষ ত্রাহি মধুসূদন চিৎকার করিতেছে, প্রতিটি রাষ্ট্রীয় ব্যবসা বছরের পর বছর লোকসানের অঙ্ক ভারী করিয়া তুলিতেছে।

প্রত্যক্ষ অভিজ্ঞতায় যখন দেখা যাইতেছে যে, এই কলুষিত আমলাতান্ত্রিক ব্যবস্থায় সরকারী কোন কল্যাণমূলক ব্যবস্থাই উপযুক্তভাবে কার্য্যকরী করা সম্ভব নয়, তখন কন্ট্রোলের ব্যবস্থা আরো জোরদার করার আবশ্যক কি? জনজীবনকে আরো বেশী দুর্দ্দশাগ্রস্ত করিয়া তুলিয়া লাভ কি?

রাজনৈতিক উদ্দেশ্য সাধনের মতলবে যাঁহারা দেশের লোককে আরো বেশী দুর্দ্দশার মধ্যে নিক্ষেপ করিতে দ্বিধা করেন না, দেশের লোক কোন্ ভরসায় তাঁহাদের সমর্থন করিবে?

আমলাতান্ত্রিক অযোগ্যতা, রাজনৈতিক শঠতা-কপটতা, কালোবাজারী আর দুর্নীতির বেড়াজালে বন্দী সাধারণ মানুষ স্বস্তির নিঃশ্বাস ফেলার কোন সঙ্গত কারণ আজ খুঁজে পাচ্ছে না।

দেশের অসহায় দুর্দ্দশাগ্রস্ত দরিদ্র জনগণের মুখে ভাষা জোগাবে কে?

"তারা বোবা নয়, কালা নয়
বলতে জানে না"

---

## আবাসিক সন্তরণ শিক্ষণ শিবির

পশ্চিমবঙ্গ রাজ্যক্রীড়া সংস্থা ও বেঙ্গল এ্যামেচার সুইমিং এসোসিয়েসন পরিচালিত এবং মুর্শিদাবাদ সুইমিং এসোসিয়েসনের উদ্যোগে তিন সপ্তাহব্যাপী আবাসিক সন্তরণ শিক্ষণ শিবির আগামী ৬ই জুন হইতে বহরমপুরে মুর্শিদাবাদ ইন্‌ষ্টিটিউট অফ টেকনোলজী প্রাঙ্গণের পুষ্করিণীতে অনুষ্ঠিত হইবে। ১৬ বৎসর পর্য্যন্ত যে কোন ছাত্র উক্ত শিবিরে যোগদান করিতে পারিবে। শিবিরে যোগদানেচ্ছু ছাত্রদের মুর্শিদাবাদ সুইমিং এসোসিয়েসনের যুগ্ম-সম্পাদকের নিকট ২৪নং গ্র্যাণ্ট্‌হল রোড, পোঃ বহরমপুর এই ঠিকানায় ২রা জুন, ১৯৬৬ এর মধ্যে নিজ স্কুলের মাধ্যমে নাম পাঠাইতে হইবে।

---

## ঘর ও জায়গা বিক্রয়

বালিঘাটায় সদর রাস্তার পার্শ্বে ভদ্র পল্লীতে ৫ কাঠা জায়গা এবং তদুপরিস্থিত পাকা ঘর ১ কুঠরী, করগেট টিনের বারান্দা ও তিনটী নারিকেল গাছ বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীপ্রিয়নাথ সাহা
রঘুনাথগঞ্জ সদর ঘাটের সন্নিকট

## গভীর নলকূপ

জঙ্গিপুর মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষ জঙ্গিপুর-রঘুনাথগঞ্জ শহরে ছয়টী গভীর নলকূপ বসাইবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। জঙ্গিপুরে তিনটী বসান হইয়াছে। রঘুনাথগঞ্জে ৫নং ওয়ার্ডে তুলসীবিহার বাটীর দক্ষিণে একটী গভীর নলকূপ বসাইবার উদ্দেশ্যে ঐ স্থানে আবশ্যকীয় পাইপাদি মজুত করা হইয়াছে। ৪নং ও ৬নং ওয়ার্ডে আরও দুইটী বসান হইবে।

তুলসীবিহার বাটীর উত্তর পশ্চিম কোণের সাধারণ নলকূপটী নষ্ট হওয়ায় গত ২৮শে/২৯শে বৈশাখ নূতন নলকূপ বসাইতে দেখা যায়। মাত্র চারিটী পাইপ বসাইয়া জল উঠছে দেখাইয়া মেকানিক চলিয়া যায়। তিনদিন পর আর জল উঠে না। চেয়ারম্যান স্বয়ং পর্য্যবেক্ষণ করিয়া নূতনভাবে বসাইবার নির্দ্দেশ দেন। এই পাড়ায় শীঘ্র একটী গভীর নলকূপ বসান হইবে বলিয়া তিনি বাসিন্দাগণকে আশ্বাস দেন।

---

## লিচু ও আম

এতদঞ্চলের লিচু প্রায় শেষ হয়ে গেল। দর শতকরা ৬·০০ ছয় টাকা। আম নাই বলিলে অত্যুক্তি হয় না। যা আছে তা সাধারণ লোকের ক্রয় ক্ষমতার বাহিরে। কাঁচা আম ৫০ পয়সা কে-জি ও পাকা আম ১ টাকা হইতে ১·২৫ পয়সা কে-জি দরে বিক্রী হচ্ছে, কিন্তু সুস্বাদু নয়।

---

## তপন সিংহের চারিখানি ছবির প্রদর্শনী

হাওড়া সিনে ক্লাব চলচ্চিত্রকার তপন সিংহের চারিখানি ছবি নিয়ে একটী উৎসবের আয়োজন করেছেন। ছবিগুলি হলো "ক্ষণিকের অতিথি" "ক্ষুধিত পাষাণ" "আরোহী" "লৌহ কপাট"। দেখান হবে যথাক্রমে ৫ই, ১২ই, ১৯শে ও ২৬শে জুন।

শ্রীতপন সিংহ মহাশয় জঙ্গিপুর মহকুমার অধিবাসী। সুতী থানার অন্তর্গত হিলোড়া গ্রামে তাঁর বাড়ী। তিনি স্বর্গীয় ত্রিদিবেশ সিংহ মহাশয়ের পুত্র। তাঁহার কৃতিত্বে জঙ্গিপুর মহকুমার অধিবাসী-গণ গৌরব অনুভব করিতেছেন।

## পাকিস্তানে চাঞ্চল্যকর ঘটনা

( 'মুর্শিদাবাদ সমাচার' হইতে উদ্ধৃত )

লালগোলা—কলিকাতার কোন এক সম্ভ্রান্ত বংশের বিহারী মুসলমান জমি বিনিময় কার্য্য সমাধা করিয়া ঢাকা যাইবার পথে স্থানীয় এলাকার তারানগর নিবাসী খ্যাতনামা চোরাকারবারী ও চোরাপথে মানুষ পারাপারকারী কেন্দু বিশ্বাস, জাইদুর বিশ্বাস ( প্রকাশ, এর এক বোন নাকি পাকিস্তানের খাদ্যমন্ত্রী : এখানে অবশ্য বাড়ীতে একটি চায়ের দোকান আছে ), সাজাহান বিশ্বাস ও নৈমুদ্দিন বিশ্বাস নামীয় ব্যক্তিদের সাহায্যে চোরাপথে তারানগর দিয়া ৪ জন পুরুষ ও ২ জন মহিলাকে সঙ্গে করিয়া বহু টাকার জিনিষপত্র লইয়া পদ্মা পার হইয়া পাকিস্তান আলাতুলি চরে জনৈক মহি বিশ্বাস ও হাসু বিশ্বাসের বাড়ীতে গিয়া ওঠে। তখন হাসু বিশ্বাস ও মহি বিশ্বাস ৪ জনকে মারধর করে এবং যুবতী মহিলাদের গহনাপত্র কাড়িয়া লয়। তাহাতেও নিস্তার নাই। দল বাঁধিয়া যুবতী দুইটীর উপর নাকি পাশবিক অত্যাচার করে পরে তাহারা অত্যাচারিত হইয়া ছাড়া পাইলে নিকটতম গোদাগাড়ী থানায় গিয়া ও-সি'র নিকট অভিযোগ করিয়া প্রতিকার প্রার্থনা করে। তাহাতে কোন ফল না হওয়ায় তাহারা পাকিস্তানের গভর্ণর মোয়াজ্জেম খাঁকে প্রতিকার প্রার্থনা জানাইয়া ফোন করে। সঙ্গে সঙ্গে ঘটনার মোড় ঘুরিয়া গিয়া স্পেশাল ফোর্স আসিয়া গোদাগাড়ী থানার ও-সি'কে গ্রেপ্তার করে এবং আলাতুলি চরের মহি বিশ্বাস ও হাসু বিশ্বাসের দলের ২৫ জনকে গ্রেপ্তার করিয়া চালান দেওয়া হইয়াছে। প্রকাশ, উক্ত মহিলা দুইজন নাকি পাকিস্তানের উচ্চপদস্থ কোন কর্ম্মচারীর আত্মীয়া।

---

জাতীয় প্রতিরক্ষা তহবিলে
মুক্তহস্তে দান করুন

## পদস্থ পুলিশ অফিসার গ্রেপ্তার

বিগত ৭ই মে চিরকুণ্ডা চেকপোষ্টে ধানবাদের ডেপুটি কমিশনারের তদন্তের ফলে ৯ হাজার বে-আইনী টাকা উদ্ধার করা হয়েছে। এই টাকা পাওয়া গিয়েছে ওখানকার পুলিশ বিভাগের অফিস থেকে। এর সঙ্গে সংশ্লিষ্ট কয়েকজন পদস্থ পুলিশ অফিসারকে গ্রেপ্তার করা হয়েছে। মোট ৯ হাজার টাকার মধ্যে ২ হাজার টাকা পাওয়া গিয়েছে এনফোর্সমেন্ট অফিস থেকে। মোটর ভিকিলস-এর ভারপ্রাপ্ত জনৈক ডেপুটি সুপারিণ্টেণ্ডেণ্ট অব পুলিশ ও একজন কনষ্টেবলকে গ্রেপ্তার করা হয়েছে। সাব-ইন্সপেক্টর শ্রীহরবনস সিং-এর ডেরা থেকে পাওয়া গিয়েছে আরও ২ হাজার টাকা। শ্রীসিং ও তাঁর আরদালিকে গ্রেপ্তার করা হয়েছে। জনৈক পুলিশ আফসারের কাছ থেকে পাওয়া গিয়েছে আপত্তিকর কিছু নথিপত্র। মোট গ্রেপ্তার হয়েছেন পাঁচজন।

তদন্তের ফলে জানা গিয়েছে যে, লরি ও ট্রাক ড্রাইভাররা বিহার ও পশ্চিমবঙ্গের মধ্যে এক রাজ্য পেরিয়ে অন্য রাজ্যে যাওয়ার সময় প্রহরারত পুলিশদের ঘুষ দিয়ে থাকে। এই সব টাকা সবই ওই ঘুষের টাকা। কে কি পরিমাণ ঘুষ নিয়ে থাকে তা নির্ভর করে ট্রাকে কি ধরণের মাল যাচ্ছে বা কি পরিমাণ মাল আছে, তার ওপর। চিরকুণ্ডা চেকপোষ্ট দিয়ে বিহারের শিল্পাঞ্চল ও পশ্চিমবঙ্গের মধ্যে বহুসংখ্যক লরি ও ট্রাক প্রত্যহ যাতায়াত করে থাকে। —বীরভূম-বাণী

---

## পুলিশের প্রহারে ইয়াসিনের মৃত্যু

নানুর থানার আটগ্রামে পুলিশের দারুণ প্রহারের চোটে ইয়াসিন নামক এক ব্যক্তির মৃত্যু হইয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ, গত ১৮ই মে রাত্রে ইয়াসিন যখন অন্য গ্রামে যাইতেছিল তখন কর্ডনিং পুলিশ ( নানুর থানার জমাদারের নেতৃত্বে ) তাহাকে গরু চুরির সন্দেহে গ্রেপ্তার করে এবং দফায় দফায় নির্ম্মমভাবে প্রহার করিতে থাকে। প্রহারের চোটে ইয়াসিনের উত্থানশক্তি রহিত হইয়া যায়। তখন এই বীরপুরুষ পুলিশ উহাকে গরুকে ছানি দেওয়ার বজরায় ভরিয়া থানা অভিমুখে রওনা দেয়। পথিমধ্যে ইয়াসিন কাতরভাবে জলপান করিবার অভিপ্রায় ব্যক্ত করে কিন্তু ইহাতে পুলিশ প্রভুরা কর্ণপাত করে না। অবশেষে তাহাকে নিজে পুকুরে যাইয়া জলপান করিতে অনুমতি দেয়। তখন এই মারাত্মক আহত ব্যক্তি কোন ক্রমে প্রাণের মায়ায় হামাগুড়ি দিয়া পুকুরে জলপান করিতে যায়। এই সময় আবার কি কারণে নাকি জমাদার সাহেবের ক্রোধ জাগিয়া উঠে এবং ইয়াসিনের পাঁজরে সজোরে লাথি মারে। ইহার ফলে বেচারা ইয়াসিন সেইখানেই মারা যায়।

এই ঘটনার তদন্তের জন্য সিউরী কোর্টের ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট শ্রী দত্ত, সরজমিনে তদন্তের জন্য ঘটনাস্থলে গিয়াছিলেন এবং তাঁহার রিপোর্ট দাখিল করিয়াছেন। সিউড়ী মর্গে মৃতদেহ আনীত হয় এবং পোষ্ট মর্টেম করা হইয়াছে। পোষ্ট মর্টেম রিপোর্টে নাকি প্রকাশ পাইয়াছে প্রহারের চোটেই ইয়াসিনের মৃত্যু হইয়াছে। এইরূপ অমানুষিক ঘটনা পুলিশের পক্ষে খুবই কলঙ্কের কথা। জিলা ম্যাজিষ্ট্রেট এই নির্ম্মম মৃত্যুটির বিষয় গুরুত্ব সহকারে বিবেচনা করুন। অপরাধীর চরম শাস্তি হওয়া বাঞ্ছনীয়। —'ময়ূরাক্ষী'

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৩ই জুন, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

১৫ মনি ডিঃ তারাপদ রায় দেং গনি সেখ দিং দাবি ৭৬২ ৩৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরি ২৩ শতকের কাত ১৸০ আঃ ৫০০৲ খং ২৬১ রায়ত স্থিতিবান স্বত্ব

২৬ মনি ডিঃ জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর কমিশনারগণ দেং বিমলকুমার নাথ দিং দাবি ৯৮·২৬ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ২৮ শতকের কাত ১২·৫০ পয়সা উক্ত জমি মায় তদুপরিস্থিত পোক্তা গৃহাদিসহ নওয়া জিম্মা আঃ ৫০৲ খং ১৭৪৬ রায়ত স্থিতিবান স্বত্ব



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)